



Institutional Quality Assurance Cell (IQAC)
Ground Floor, New Academic Building
Jagannath University
9 - 10 Chittaranjan Avenue, Dhaka-1100
Dhaka, Bangladesh
Tel :(+88)-02-9534416

তারিখঃ ২৪ নভেম্বর, ২০২৪

বরাবর

ডিন/চেয়ারম্যান/পরিচালক/দপ্তর প্রধান

আইসিটি সেল অনুসদ/বিভাগ/ইনস্টিটিউট/দপ্তর

জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা-১১০০

বিষয়: জবি শিক্ষকদের জন্য Intellectual Property Rights নিশ্চিত করণের লক্ষ্যে প্যাটেন্ট সংক্রান্ত তথ্য প্রদান প্রসঙ্গে।

সূত্র: ৩৭.০১.০০০০.১৭১.৯৯.০০১.২২.২

তারিখ: ০৭ নভেম্বর ২০২৪ (ইউজিসি)

মহোদয়,


উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানাচ্ছি যে, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক গত ০৭ নভেম্বর ২০২৪ ইং তারিখে প্রেরিত পত্র মোতাবেক Strategic Plan for Higher Education: 2028-2030 –এর ১৯ নং অ্যাকশন প্ল্যান Ensuring Intellectual property rights for university faculty অনুযায়ী শিক্ষকবৃন্দের জন্য মেধাস্বত্ব অধিকার নিশ্চিত করার লক্ষ্যে যেসব শিক্ষকগণের প্যাটেন্টেবল/ ভবিষ্যতে প্যাটেন্টেবল হতে পারে এমন গবেষণাকর্ম অতীব গুরুত্ব বহন করে।

এমতাবস্থায় আপনার অনুসদ/বিভাগ/ইনস্টিটিউট/দপ্তর এর শিক্ষকবৃন্দের উপরোক্ত বিষয়ের তথ্যাদি নিয়োক্ত ছক অনুযায়ী আগামী ০৪(চার) কার্যদিবসের মধ্যে হার্ড কপি ও সফট কপি (বিজয় ১২ ফন্ট ওয়ার্ড ফাইল, ই-মেইল iqac@jnu.ac.bd) আই.কিউ.এ.সি, জবি অফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলোঃ

ক্র: ন :	প্যাটেন্ট এর শিরোনাম	শিক্ষকবৃন্দের নাম এবং মোবাইল নম্বর	পদবি, বিভাগ ও অনুসদ

বিষয়টি অতীব জরুরী।

ধন্যবাদান্তে-


(অধ্যাপক ড. মোঃ আবু লায়েক)
পরিচালক, IQAC
জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।

সংযুক্তি: UGC কর্তৃক প্রেরিত পত্রের কপি।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। পরিচালক {আইসিটি সেল (ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)/পিআরআইপি}, জবি
- ২। ডেপুটি রেজিস্ট্রার ও পিএস টু ভিসি, উপাচার্য দপ্তর, জবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৩। সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর, জবি (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৪। সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার দপ্তর, জবি (রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৫। অফিস কপি।

Institutional Quality Assurance Cell (IQAC)
Jagannath University, Dhaka-1100
Dhaka, Bangladesh



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।
স্ট্র্যাটেজিক প্ল্যানিং এন্ড কোয়ালিটি এসুরেন্স বিভাগ

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.১৭১.৯৯.০০১.২২.২

তারিখ: ২২ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
০৭ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের জন্য Intellectual Property Rights নিশ্চিত করণের লক্ষ্যে প্যাটেন্ট সংক্রান্ত তথ্য প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, Strategic Plan for Higher Education:2018-2030-এর ১৯ নং অ্যাকশন প্ল্যান "Ensuring intellectual property rights for university faculty" অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের জন্য মেধাস্বত্ব অধিকার নিশ্চিত করার বিষয়টি উল্লেখ রয়েছে।

এতদবিষয়ে পদক্ষেপ গ্রহণকল্পে যেসব শিক্ষক/গবেষকগণের প্যাটেন্টেবল/ভবিষ্যতে প্যাটেন্টেবল হতে পারে এমন গবেষণাকর্ম রয়েছে সে সংক্রান্ত তথ্যাদি অতীব গুরুত্ব বহন করে। এ সংক্রান্ত তথ্য স্ব স্ব বিশ্ববিদ্যালয়ের জন্যও সম্যক গুরুত্বপূর্ণ, কেননা আঞ্চলিক ও আন্তর্জাতিক র্যাংকিংসহ অন্যান্য ক্ষেত্র যেমন বিশ্ববিদ্যালয়ের গবেষণার গুণগত মান এবং সুখ্যাতি তুলে ধরতেও এসব তথ্যের প্রয়োজনীয়তা রয়েছে।

এমতাবস্থায়, উপর্যুক্ত বিষয়ের গুরুত্বের আলোকে আপনার বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/গবেষকগণের প্যাটেন্ট সংক্রান্ত তথ্যাদি নিম্নোক্ত ছকে পত্র প্রাপ্তির ০৭ কার্যদিবসের মধ্যে হার্ড কপি ও সফট কপি (ওয়ার্ড ফাইল, ই-মেইল durga68ugc@gmail.com) কমিশনে প্রেরণের জন্য অনুরোধ করা হলোঃ

ক্র: ন:	প্যাটেন্ট এর শিরোনাম	শিক্ষক/গবেষক (গণের) নাম এবং মোবাইল নম্বর	পদবি, বিভাগ ও অনুষদ

D Sarker

০৭-১১-২০২৪

ড. দুর্গা রানী সরকার
পরিচালক (এসপিকিউএ বিভাগ)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (আইকিউএসি, সকল পাবলিক বিশ্ববিদ্যালয়) এবং
- ২। পরিচালক, আইকিউএসি (সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়)।

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.১৭১.৯৯.০০১.২২.২/১ (৬)

তারিখ: ২২ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
০৭ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ, ইউজিসি;
- ২। পরিচালক, পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগ, ইউজিসি;
- ৩। রেজিস্ট্রার, সকল পাবলিক বিশ্ববিদ্যালয়;
- ৪। রেজিস্ট্রার, সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়;
- ৫। পিএস (উপ-সচিব), চেয়ারম্যান এর দপ্তর, ইউজিসি এবং
- ৬। ব্যক্তিগত কর্মকর্তা (পি ও), সচিবালয় ও প্রশাসন বিভাগ, ইউজিসি।



Mosak

০৭-১১-২০২৪

মোঃ মোস্তাক আহমেদ
সহকারী পরিচালক